

## জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ শুরু

### ■ ইত্তেফাক ডেস্ক

‘মানসম্মত শিক্ষা জাতির প্রতিজ্ঞা’ প্রতিপাদ্য করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতীয় শিক্ষা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠান প্রজেক্টরের মাধ্যমে সম্প্রচারের মধ্য দিয়ে দেশের সব জেলা-উপজেলাসহ বিভিন্ন বৃহৎসংখ্যক যথাযোগ্য মর্যাদায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০১৬ শুরু হয়েছে। আমাদের প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর—

**নরসিংদী:** নরসিংদী জেলা প্রশাসন ও নরসিংদী জেলা প্রাথমিক শিক্ষা অফিস এ উপলক্ষে এক বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করে। শোভাযাত্রাটি নরসিংদী জেলা প্রশাসক কার্যালয় থেকে শুরু করে শিল্পকলা একাডেমি গিয়ে শেষ হয়। শোভাযাত্রায় প্রধান অতিথি ছিলেন নরসিংদীর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. জসিম উদ্দিন হায়দার। এ সময় উপস্থিত ছিলেন নরসিংদী জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. সৈয়দ উদ্দিন, নরসিংদী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নাগিস সাজেদা সুলতানা, জেলা সহকারী শিক্ষা কর্মকর্তা মো. কফিল উদ্দিন, নরসিংদী সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা মু. জাহিদুল কবির তুহিন, জেলা শিশু বিষয়ক কর্মকর্তাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রীবৃন্দ। শোভাযাত্রা শেষে জেলা শিল্পকলা একাডেমিতে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

**নেত্রকোনা:** সকালে পুরাতন ডিসি অফিস প্রাঙ্গণ থেকে জেলা প্রশাসক ড. তরুণ কান্তি শিকদারের নেতৃত্বে র্যালি বের হয়। পরে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এ কে এম রিয়াজ উদ্দিনের সভাপতিত্বে পাবলিক হলে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার জয়দেব চৌধুরী, এডিসি ড. আব্দুর রহিম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হোসেন মো. ফারুক প্রমুখ।

**চাঁপাইনবাবগঞ্জ:** সকালে কর্মসূচি উদ্বোধন করেন জেলা প্রশাসক মো. জাহিদুল ইসলাম। একটি বর্ণাঢ্য শোভাযাত্রা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে বের হয়ে শহীদ সার্ট হলে গিয়ে শেষ হয়। এ সময় উপস্থিত ছিলেন—জেলা প্রশাসক মো. জাহিদুল

ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তৌফিকুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার দিলরুবা বেগম, সদর উপজেলা নির্বাহী অফিসার মির্জা শাকিলা দিল হাছিন প্রমুখ।

**চুয়াডাঙ্গা:** সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। এর পর শ্রীমন্ত টাউন হলে কর্মসূচি উদ্বোধন করেন জেলা প্রশাসক সায়মা ইউনুস। বিশেষ অতিথি ছিলেন—জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রমেন্দ্র নাথ পোদ্দার, জেলা তথ্য কর্মকর্তা আবু বকর সিদ্দিক ও সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান।

**মুন্সীগঞ্জ:** সকালে কালেক্টরেট প্রাঙ্গণ থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়। নেতৃত্ব দেন—এডিসি হারুন অর রশীদ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পঞ্চানন বাল্লা, পিটিআইর ভারপ্রাপ্ত সুপার রিনা সাহা, দুই সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মো. নজরুল ইসলাম ও ফেরদৌসী বেগম, উপজেলা শিক্ষা অফিসার তাসলিমা বেগম প্রমুখ। এর পর পিটিআই মাঠে সমাবেশে অতিথিবৃন্দ বক্তব্য রাখেন।

**মাদারীপুর:** সকালে স্থানীয় স্বাধীনতা অঙ্গন থেকে শিশু-কিশোরদের নিয়ে একটি র্যালি বের হয়। এর পর পৌর অফিস সংলগ্ন মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলা প্রশাসক মো. কামাল উদ্দিন বিশ্বাস জেলা শিক্ষা মেলার উদ্বোধন করেন। সভাপতিত্ব করেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. শহীদুল ইসলাম। বক্তব্য রাখেন—পুলিশ সুপার মো. সরোয়ার হোসেন, উপজেলা নির্বাহী অফিসার মো. শফিউর রহমান প্রমুখ।

**মেহেরপুর:** সকাল সাড়ে ৯টার দিকে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) খাইরুল হাসানের নেতৃত্বে জেলা প্রশাসন ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে জেলা শিল্পকলা একাডেমি চত্বর থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। এতে অংশ নেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এস এম তৌফিকুজ্জামান, সদর উপজেলা অফিসার আমজাদ হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার ওলিউর রহমান, ফিরোজুর ইসলাম, আসরাফুদ্দৌলা, শামিম সুলতান, এস এম

জয়নুল ইসলাম প্রমুখ। এর পর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এস.এম তৌফিকুজ্জামানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক শফিকুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) খাইরুল হাসান।

**ঝিনাইদহ:** সকাল ১০টায় জেলা প্রশাসন ও প্রাথমিক শিক্ষা বিভাগের আয়োজনে পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিতে জেলা প্রশাসক মাহবুব আলম তালুকদার, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জুলকার নায়ন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আতাউর রহমান প্রমুখ অংশ নেন।

**ঠাকুরগাঁও:** সকালে জেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়। পরে আলোচনা সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবু হারেছের সভাপতিত্বে বক্তব্য রাখেন—জেলা প্রশাসক মুকেশ চন্দ্র বিশ্বাস, পিটিআই স্কুলের সুপার নিখিল চন্দ্র বসাক প্রমুখ।

**ভাগারিয়া (পিরোজপুর):** সকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে বর্ণাঢ্য র্যালি বের হয়। এর পর ভাগারিয়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পৌর প্রশাসক, ইউএনও মোহাম্মদ রুহুল কুদ্দুসের সভাপতিত্বে বক্তব্য রাখেন—উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম উজ্জ্বল তালুকদার, সাবেক সদর ইউপি চেয়ারম্যান মো. গোলাম সরওয়ার জোমান্দার, ভারপ্রাপ্ত উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. ইউসুফ আলী, সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. মিজানুর রহমান, শিক্ষক আব্দুল আলীম ও ওমর ফারুক প্রমুখ। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে স্কুল প্রাঙ্গণে সাত দিনব্যাপী এক শিক্ষা মেলার আয়োজন করা হয়েছে। মেলায় পৌর শহরসহ উপজেলার সব ইউনিয়নের পক্ষ থেকে শিক্ষা উপকরণ বিষয়ক সাতটি স্টল রয়েছে।

এ ছাড়া, দেশের সব উপজেলায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন উপলক্ষে নানা কর্মসূচির উদ্যোগ নেয়া হয়েছে